

সোনালী আলোর মায়া

□ তপা কর

সোনালী আলোর মায়া
আজ যেন দিয়েছে হানা
চিরপ্রকৃতির পথ যেন আজ অজানা
নতুন শোভায় শোভিত আকাশ
সহস্র উল্লাসে মুখরিত আজ
না জানি কিসের আলোড়ন আজ
না জানি কেন যেন এত অভিলাষ আজ ?
শোভিত পৃথিবী যেন মেতেছে আজ
অপরূপ নেশায় প্রস্ফুটিত মল্লিকারাজ
শত কূজনে আজ যেন মগ্ন পক্ষীরাজ
উদ্যম বায়ু প্রবাহিত পথে
অজানা এক মায়াবী রথে
না জানি কিসের আগমন আজ
না জানি কিসের মায়াবী লগ্ন আজ ?